গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০০২২.২৫-২৭১

তারিখঃ ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

যেহেতু, জনাব সোহেল রানা, অফিস সহায়ক (চাকরি হতে বরখাস্তকৃত), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে চাকরির প্রলোভন দেখিয়ে প্রতারণার মাধ্যমে বিভিন্ন ব্যক্তির নিকট হতে বিভিন্ন অংকের টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করা হয়;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত স্বীকারোক্তিমূলক বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, জনাব সোহেল রানা, অফিস সহায়ক, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) অনুযায়ী 'অসদাচরণ' ও 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে অভিযুক্ত করে তাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত দণ্ডের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অতিরিক্ত সচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর আপিল আবেদন করেন এবং তার আপিল শুনানি গ্রহণ করা হয়;

যেহেতু, আপিল শুনানিতে অভিযুক্ত কর্মচারী জনাব সোহেল রানার প্রদত্ত বক্তব্য, নথি উপস্থাপনকারীর বক্তব্য এবং নথিতে রক্ষিত সংশ্লিষ্ট সকল কাগজপত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব সোহেল রানা, অফিস সহায়ক (চাকরি হতে বরখাস্তকৃত)-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলেও তাকে "চাকরি হতে বরখাস্তকরণ" এর গুরুদণ্ড প্রদানের পূর্বে তদন্ত কর্মকর্তা নিয়োগ এবং ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়নি;

যেহেতু, সার্বিক পর্যালোচনায় বিভাগীয় মামলার আপিল পরিচালনাকারী কর্তৃপক্ষ কর্তৃক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড প্রদানের প্রক্রিয়াগত ধারাবাহিকতা না থাকায় অভিযোগের গুরুত্ব বিবেচনায় হ্রাস করার সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, জনাব সোহেল রানা, অফিস সহায়ক (চাকরি হতে বরখাস্তকৃত), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-এর বিরুদ্ধে অবৈধভাবে আর্থিক লেনদেনের অভিযোগ প্রমাণিত হওয়ায় গুরুদণ্ড প্রদানের যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক মামলাটি নিষ্পত্তি না হওয়ায় তার অপরাধের গুরুত্ব বিবেচনা করে "চাকরি হতে বরখাস্তকরণ" এর গুরুদণ্ড প্রদানের দণ্ড হ্রাস করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ড প্রদান করা হলো। বর্তমান মূল বেতনের সর্বনিম্ন ধাপে অর্থাৎ ২০তম গ্রেডের প্রারম্ভিক ধাপ ৮২৫০/- টাকায় ০২ (দুই) বছরের জন্য অবনমিতকরণ করা হলো। তাঁর বর্তমান মূল বেতন ১৪,১৯০/- হতে ৮,২৫০/- টাকায় নির্ধারণ করা হলো। প্রজ্ঞাপন জারির তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য এ দণ্ড কার্যকর হবে। ভবিষ্যতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না।

০২। তার চাকরি হতে বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
১৩/০৭/২০২৬
(মনোয়ারা ইশরাত)
অতিরিক্ত সচিব (প্রশাসন)

জনাব সোহেল রানা
অফিস সহায়ক
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

D:\Office 4\D Drive\Bima-2025\Bima-0022.25 (Shohel Rana)\Reback From Dismissal of Service.docx

নং-৩৮.০০.০০০০.০০৪.০৪.০০২২.২৫-২৭১

তারিখঃ ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ১৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। উপসচিব (প্রশাসন-২), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। অফিস কপি।

১৩/০৭/২০২৬

(ডা. ফাহিম ইকবাল জাগীরদার)
উপসচিব
ফোন-০২২২৩৩৫৬৬৯১
ই-মেইল: dsindi@mopme.gov.bd